

প্রচ্ছদ
কাহিনী

দ্বিতীয় রাউন্ডে খেলবে কারা

চমকহীন বিশ্বকাপ হয়নি। এবারও
চমকের সৃষ্টি হবে। কিছু নিয়ামক
বিবেচনা করলে অনেক খেলার
ফলাফল বলে দেয়া সম্ভব ...
বলেছেন নাসিম আহমেদ

ফেভারিটরা বিশ্বকাপে সব সময়
জিততে পারে না। বিশ্বকাপ শুরু
হবার পর দেখা যায় কঠিন ড্র
কিংবা ইনজুরি সমস্যা ফেভারিটদের ছিটকে
দেয় নক আউট পর্যায়ে। ১৯৮২ সালের
কথাই ধরুন। টুর্নামেন্টে ফেভারিট ছিল
ব্রাজিল, ফ্রান্স এবং জার্মানি। টুর্নামেন্টে এই
তিন দলই খেলেছে দুর্দান্ত। অন্যদিকে
ইটালির গুরুটা ছিল জঘন্য। ব্রাজিলের সঙ্গে
তারা যখন মুখোমুখি হয় সেই খেলাতে
ল্যাটিনরাও ছিল ফেভারিট। অথচ শেষ পর্যন্ত
ইটালি খেলাটিতে জিতে যায়। ১৯৭৪ সালের
টুর্নামেন্টে ফেভারিট ছিল হল্যান্ড। অথচ
বেকেনবাওয়ারের জার্মানির কাছে তারা শেষ
পর্যন্ত হেরে যায়। গত বিশ্বকাপে ফ্রান্স
ফেভারিট ছিল। এককভাবে নয়। ব্রাজিল,
আর্জেন্টিনা, হল্যান্ড, ইটালিও ছিল তাদের
সঙ্গে। অথচ বিশ্বকাপ স্বাগতিকরাই শেষ
পর্যন্ত জিতে নেয়।

এবারের বিশ্বকাপে ড্র অনুযায়ী সহজ
গ্রুপে পড়েছে ফ্রান্স, ব্রাজিল, ইটালি। দ্বিতীয়



রাউন্ডে একমাত্র ফ্রান্স ছাড়া বাকি দুই
দলের শক্ত প্রতিদ্বন্দ্বী মুখোমুখি হবার
সম্ভাবনা নেই। তবে দ্বিতীয় রাউন্ডের
আগে গ্রুপে তাদের শীর্ষস্থান পেতে
হবে। বর্তমান ফর্ম অনুযায়ী দর্শকপ্রিয়
দলগুলোর গ্রুপ চ্যাম্পিয়ন হওয়া উচিত।
কিন্তু বিশ্বকাপে এমনও হয়েছে যখন
আমেরিকার কাছে হেরেছে প্রতাপশালী
ইংরেজরা। ক্যামেরুন হারিয়েছে
আর্জেন্টিনাকে, ব্রাজিল হেরেছে নরওয়ের
সঙ্গে। বিস্ময়কর এই ফলাফলগুলোই
বিশ্বকাপের অ্যাপিল বাড়ায়। এই চমকপ্রদ
রেজাল্টের পেছনে অনেকগুলো কারণ আছে।
প্রতাপশালী দলের ফর্মহীনতা তারকা
খেলোয়াড়ের লাল কার্ড। কিংবা ম্যাচের
মাঝখানে ইনজুরি। আবার অনেক সময়
রেফারির বিতর্কিত সিদ্ধান্ত খেলার
ফলাফলকে প্রভাবিত করেছে। এই

Please
collect your
print copy